# সন্ধি

তানহি খান তানহা

# বিসিএস বাংলা ভাষা

| ক্রমিক নং | টপিকের নাম | ৪৩তম BCS | ৪১তম BCS | ৪০তম BCS | ৩৮তম BCS | ৩৭তম BCS | ৩৬তম BCS | ৩৫তম BCS |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | প্রয়োগ-অপপ্রয়োগ | | | | ১ | ১ | - | - |
| ০২ | বানান ও বাক্য শুদ্ধি | ১ | ২ | ১ | ২ | ৩ | - | ৩ |
| ০৩ | পরিভাষা | ১ | | ১ | ১ | ২ | ১ | ১ |
| ০৪ | সমার্থক শব্দ | | | ২ | ১ | ১ | ১ | ২ |
| ০৫ | বিপরীতার্থক শব্দ | | | ১ | ১ | - | ১ | ১ |
| ০৬ | ধ্বনি | ৩ | ২ | | ১ | ২ | ২ | ২ |
| ০৭ | বর্ণ | | ১ | | ১ | - | ২ | - |
| ০৮ | শব্দ | ১ | ১ | ২ | ২ | ২ | ১ | ১ |
| ০৯ | পদ | | | | - | - | ২ | ১ |
| ১০ | বাক্য | ২ | ৩ | | ১ | - | ১ | ১ |
| ১১ | প্রত্যয় | ১ | ১ | ২ | ২ | - | ১ | ১ |
| ১২ | সন্ধি | | | | ১ | - | ১ | ১ |
| ১৩ | সমাস | ১ | ১ | | ১ | ২ | ১ | ১ |
| টপিকের বাইরে থেকে আসা প্রশ্ন | | | | | | | | |
| * | ণত্ব-ষত্ব বিধান | | | | | | ১ | |
| * | উপসর্গ-অনুসর্গ | | ১ | | | ১ | | |
| * | কারক-বিভক্তি | ১ | ১ | | ২ | | | |
| * | এক কথায় প্রকাশ | ১ | ১ | ১ | ৩ | | | |
| * | বাগধারা | ২ | ২ | | ২ | | | |
| * | বাচ্য | | | ১ | | | | |
| * | দ্বিরুক্তি শব্দ | ১ | ১ | | | | | |
| * | অন্যান্য | ২ | ২ | | | | | |
| | সর্বমোট প্রশ্ন: | ১৭ | ১৪ | ১৬ | ১৫ | ১৫ | ১৪ | ১৫ |

# সন্ধি থেকে বিভিন্ন পরীক্ষায় আসা প্রশ্ন

০১. 'দুরবস্থা' শব্দের সন্ধি-বিচ্ছেদ করা হলে নিচের কোনটি পাওয়া যায়? -৩৯ বিসিএস

০২. 'সদ্যোজাত' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি? -৩৮বিসিএস

০৩. 'রবীন্দ্র'-এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? -৩৬ বিসিএস

০৪. 'দ্বৈপায়ন' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি? -৩৫ বিসিএস

০৫. সন্ধি-সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত? -৩২ বিসিএস

# সন্ধি

মিলন, চুক্তি, ঐক্য

বিদ্যা + আলয়



# বিচ্ছেদ



# সন্ধি

- সন্ধি শব্দটি তৎসম বা সংস্কৃত ভাষার শব্দ।
- সন্ধি ব্যাকরণের ধ্বনিতত্ত্বে আলোচিত হয়।
- সন্ধি শব্দের অর্থ মিলন, চুক্তি, ঐক্য।
- সন্ধি শব্দের বিপরীত অর্থ বিচ্ছেদ।

সম্ + ধি

ধ্বনির মিলন

সম + ধা + ই

উচ্চারণের সুবিধার্থে

পাশাপাশি অবস্থিত দুটি ধ্বনির মিলনকে

**সন্ধি** বলে।

# সন্ধি

সম্ + ধি

সন্ধি জাত শব্দ

মিলন ( সন্নিহিত দুটো ধ্বনির মিলন)

নর + অধম
= নরাধম

এখানে 'নর'র শেষ ধ্বনি 'অ' (ন+অ+র+ অ), এবং 'অধম'র প্রথম ধ্বনি 'অ'।

অ+অ = আ

অর্থাৎ পাশাপাশি অবস্থিত দুইটি ধ্বনি 'অ' ও 'অ' মিলিত হয়ে 'আ' হলো।

P2A

# সন্ধি মূলত ২ প্রকার

বাংলা শব্দের সন্ধি

তৎসম বা সংস্কৃত শব্দের সন্ধি।

বাংলা শব্দের সন্ধি

২ প্রকার

স্বরসন্ধি

ব্যঞ্জনসন্ধি

তৎসম বা সংস্কৃত শব্দের সন্ধি

- স্বরসন্ধি
- ব্যঞ্জনসন্ধি
- বিসর্গ সন্ধি

P2A

# সন্ধির মিলন যেসব উপায়ে হয়

স্বরধ্বনি + স্বরধ্বনি = স্বরসন্ধি

স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি = ব্যঞ্জনসন্ধি

ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি = ব্যঞ্জনসন্ধি

ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি = ব্যঞ্জনসন্ধি

# বিসর্গ সন্ধি

বিসর্গের সাহায্যে যে সন্ধি নিষ্পন্ন হয়

ঃ

## সন্ধি কেন শিখব?

উচ্চারণ সুবিধার জন্য

শ্রুতি মাধুর্যের জন্য

আমরা যেই শব্দের সন্ধি করব সেই শব্দের আগের অথবা পরের অংশ বুঝতে পারব।

রত্নাকর- রত্ন + আকর

কথামৃত- কথা + অমৃত

সূর্যোদয়- সূর্য + উদয়

বহিঃসন্ধি

## তবে কিছু সন্ধি বিচ্ছেদের ক্ষেত্রে পদ দুটি কোন অর্থ জ্ঞাপন করেনা।

পো + ইত্র = পবিত্র

ভজ + ত = ভক্ত

মুহ + ত = মুগ্ধ

দুহ + ত = দুগ্ধ

অন্তঃসন্ধি

# কয় প্রক্রিয়ায় সন্ধি করা হয়

ধ্বনির মিলন

ধ্বনির লোপ

ধ্বনির পরিবর্তন

# বাংলা সন্ধি

(স্বরসন্ধি)

## দুটি সন্নিহিত স্বরের একটি লোপ পাবে

অ + এ = এ

আ + আ = আ

আ + উ = উ

ই + এ = ই

# বাংলা

## স্বরসন্ধি

(স্বরধ্বনি + স্বরধ্বনি)

| | | | |
|---|---|---|---|
| অ+এ = এ (অ লোপ) | শত + এক = শতেক | কত + এক = কতেক | |
| আ+আ = আ (একটা আ লোপ) | শাঁখা + আরি = শাঁখারি | রুপা + আলি = রুপালি | |
| আ+উ = উ (আ লোপ) | মিথ্যা + উক = মিথ্যুক | হিংসা + উক = হিংসুক | নিন্দা + উক =নিন্দুক |
| ই+এ = ই (এ লোপ) | কুড়ি + এক = কুড়িক | ধনি + ইক = ধনিক | গুটি + এক = গুটিক |
| | আশি + এর = আশির | | |

P2A

## বাংলা ব্যঞ্জনসন্ধির নিয়ম-১

১ম অংশ লোপ পাবে, পরের অংশ দ্বিত্ব হবে

অঘোষ + ঘোষ =

র + অন্য ব্যঞ্জন ধ্বনি =

দন্ত + তালব্য =

(ত বর্গীয় + চ বর্গীয় )

# বাংলা ব্যঞ্জনসন্ধির

## নিয়ম-২

বাংলা

স্বরধ্বনির পরে ব্যঞ্জনধ্বনি যুক্ত হলে স্বরধ্বনি লোপ হবে।

**স্বর + ব্যঞ্জন**

কাঁচা + কলা = কাঁচকলা

আ + ক

নাতি + বৌ = নাতবৌ

P2A

# বাংলা ব্যঞ্জনসন্ধির

# নিয়ম - ৩

প এর পরে চ

স এর পরে ত

চ আর ত এর স্থলে **শ** হবে

তৎসম বা সংস্কৃত

শব্দের সন্ধি।

স্বরসন্ধি

ব্যঞ্জনসন্ধি

বিসর্গ সন্ধি

# সংস্কৃত স্বরসন্ধি: নিয়ম-১

অ/আ + অ+আ= আ/ আ-কার

অ/আ + ই/ঈ= এ

অ/আ + উ/ঊ= ও

অ/আ +ও/ঔ= ঔ

অ/আ + এ/ঐ= ঐ

# সংস্কৃত স্বরসন্ধি:

## নিয়ম-২

অ/আ + ঋষি = অর

দেবর্ষি = দেব + ঋষি

ব্রহ্মা + ঋষি =

অ/আ + ঋত = আর

শীতার্ত = শীত + ঋত

বন্যার্ত = বন্যা + ঋত

# সংস্কৃত স্বরসন্ধি:

## নিয়ম-৩

ই/ঈ + ই+ঈ = ঈ

রবি + ইন্দ্র = রবীন্দ্র

বারি + ইন্দ্র = বারীন্দ্র

পরি + ঈক্ষা = পরীক্ষা

ঈক্ষা ঈক্ষণ ঈশ ঈশ্বর ঈপ্সা

অতি + ইত = অতীত

সতী + ঈশ = সতীশ

# সংস্কৃত স্বরসন্ধি:

## নিয়ম - ৪

ই/ঈ + অন্যস্বর = য (য ফলা)

ইতি + আদি = ইত্যাদি

ই + আ

ব্যর্থ = বি + অর্থ

প্রতি + অক্ষি = প্রত্যক্ষ

## সংস্কৃত স্বরসন্ধি:

### নিয়ম-৫

## উ/ঊ +উ/ঊ = ঊ/ ঊ কার

মরু + উদ্যান = মরূদ্যান

সাধু + উক্তি = সাধূক্তি

সু + উক্ত = সূক্ত, সূক্ত

গুরু + উপদেশ = গুরূপদেশ

## সংস্কৃত স্বরসন্ধি:

## নিয়ম-৬

উ/ঊ + অন্যস্বর = ব ফলা

সু + আগত = স্বাগত

তনু + ঈ = তন্বী

সু + অল্প = স্বল্প

# সংস্কৃত স্বরসন্ধি:

## নিয়ম-৭

এ, ঐ, ও, ঔ-কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয়, এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব ও আব হয়।

নয়ন
চয়ন
শয়ন

অয় = এ কার — নে + অন

আয় = ঐ কার — নায়ক = নৈ + অক
গায়ক = গৈ + অক

অব = ও কার — পো + অন = পবন
পো + ইত্র = পবিত্র
লো + অন = লবণ

আব = ঔ কার — নাবিক = নৌ + ইক
পাবক = পৌ + অক
ভাবুক = ভৌ + উক

# নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি

যেসব স্বরসন্ধি নিয়ম মানে না, নিয়ম ভেঙে সন্ধি হয় তাদের **নিপাতনে সিদ্ধ** সন্ধি বলে।

যেমন, ‘কুল+অটা’ সন্ধি করে হওয়ার কথা ‘কুলাটা’ (অ+অ = আ)

কিন্তু সন্ধি হওয়ার পর তা হয়ে গেছে ‘কুলটা’। তাই এটা **নিপাতনে সিদ্ধ সন্ধি।**

# নিপাতনে সিদ্ধ (৭টি)

কুল+অটা = কুলটা (কুলাটা নয়)

গো+অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়)

প্র+ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়)

অন্য+অন্য = অন্যান্য (অন্যোন্য নয়)

মার্ত+অন্ড = মার্তন্ড (মার্তান্ড নয়)

শুদ্ধ+ওদন = শুদ্ধোদন (শুদ্ধৌদন নয়)

স্ব + ঈর = স্বৈর

## মনে রাখবেন যেভাবে:

কুলটা মেয়েটি অন্যান্য প্রৌঢ়দের সাথে স্বৈরশাসন প্রতিষ্ঠা করতে পারে নি। তাই গবাক্ষের পাশে বসে মার্তণ্ডের শুদ্ধোদনের সাথে প্রেম করছে।

কুলটা - কুল বা বংশত্যাগকারিণী, ভ্রষ্টা।
প্রৌঢ় - যৌবন ও বার্ধক্যের মাঝামাঝি অবস্থাপ্রাপ্ত, মাঝবয়সি।
স্বৈর - নিজের স্বাধীন ইচ্ছা অনুযায়ী ব্যবহার; স্বেচ্ছাচার।
গবাক্ষ - জানালা।
মার্তণ্ড - সূর্য।
ওদন - অন্ন বা ভাত।
শুদ্ধোদন – গৌতম বুদ্ধের পিতা।

# নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি

বৃহস্পতি, বনস্পতি, তস্কর, পরস্পর, ষোড়শ, একাদশ, মনীষা, পতঞ্জলি, আশ্চর্য, গোষ্পদ, দ্যুলোক।

# নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি

বৃহস্পতি = বৃহৎ + পতি

পরস্পর = পর + পর

গোষ্পদ = গো + পদ

ষোড়শ = ষট্ + দশ

আশ্চর্য = আ + চর্য

পতঞ্জলি = পতৎ + অঞ্জলি

বনস্পতি = বন + পতি

তস্কর = তৎ + কর

একাদশ = এক + দশ

মনীষা = মনস্ + ঈষা

হরিশ্চন্দ্র = হরি + চন্দ্র

দ্যুলোক = দিব্ + লোক

# মনে রাখবেন যেভাবে ৮

বৃহস্পতি আর বনস্পতি দুই ভাই। তারা পরস্পর তস্কর (চোর), গোষ্পদ (গরুর পা) চুরি করে। বৃহস্পতির বয়স একাদশ (১১) আর বনস্পতির বয়স ষোড়শ (১৬)। তাদের চুরি করার সময় দেখে ফেলে বম্বের নায়িকা মনীষা। দেখে আশ্চর্য হয়ে যায়। দৌড়ে গেল ছবির নায়ক হরিশ্চন্দ্র এর কাছে। দুজনে কিছু না বুঝে গেল ছবির পরিচালক পতঞ্জলির কাছে। পতঞ্জলি বলে দিল যারা গরুর পা চুরি করে তারা কখনও দ্যুলোকে (আকাশে বা স্বর্গ) থাকতে পারবে না।

# বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জন সন্ধি

সংস্কার

সংস্কৃত

পরিষ্কার

উত্থাপন

পরিষ্কৃত

সংস্কৃতি

উত্থান

P2A